

তারিখ
পৃষ্ঠা ২ ... কলাম ২ ...

চিতলমারীতে পুলিশের সঙ্গে ছাত্রদল কর্মীদের সংঘর্ষ, খেণ্ডার ৭ জন

বাগেরহাট প্রতিনিধি : বাগেরহাট জেলার চিতলমারী উপজেলায় ছাত্রদল ও যুবদলের কোনন চরম আকার ধারণ করেছে। এ কোননদের জের ধরে একাধিক সংঘর্ষের পর গত শনিবার সকালে ছাত্রদল উপজেলা সদরে প্রতিবাদ মিছিল বের করলে তাদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। পুলিশ মিছিল ছত্রভঙ্গ করতে কাদানে গ্যাস ছোড়ে। মিছিলকারীরাও ফাঁকা গুলি ছুড়ে এর জবাব দেয়। সংঘর্ষে তিনজন আহত হয়। পুলিশ এ সময় সাতজনকে গ্রেপ্তার করে।

জানা যায়, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে জালাস নেতা মঞ্জুর মোর্শেদ স্বপনের ছবি সংবলিত পোস্টার ছিড়ে ফেলার ঘটনা এবং সসপ্তাহব্যাপী স্থানীয় যুবদল ও ছাত্রদলের অসন্তোষের জের ধরে গত বৃহস্পতিবার প্রতিপক্ষ দুই গ্রুপ মিছিল বের করে। তারা উপর্যুপরি ফাঁকা গুলিবর্ষণ করে এলাকায় ত্রাস সৃষ্টি করে। এ সময় লোকজন দোকানপাট বন্ধ করে দির্ঘদিনিক ছোটমুঠি তুলে করে। এর আগে যুবদল নেতা হান্নান ও ছাত্রদল নেতা শফিকুল ইসলাম বাবুকে প্রতিপক্ষ স্থানীয় যুবদলের সাধারণ সম্পাদক মোমিনুল হক টুঙ্গুর বাহিনী ঘেরাও করলে এলাকায় প্রতিবাদ মিছিল বের হয়। মিছিলকারীরা এ সময় হাতবোমা ও পটকা ছুটিয়ে এলাকায় ত্রাস সৃষ্টি করে বলে জানা

যায়।

এ ঘটনার পর শনিবার ছাত্রদল নেতা শফিকুল ইসলাম বাবুর নেতৃত্বে এক প্রতিবাদী ছসি মিছিল চিতলমারী বাজার প্রদক্ষিণ শেষে শহীদ মিনার এলাকায় পৌঁছালে পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ বাধে। পুলিশ উত্তেজিত ছসি মিছিল ছত্রভঙ্গ করতে ৪ রাউন্ড টিয়ারগ্যাস সেল ছোড়ে। মিছিলকারীরাও পটকা ২০-২২ রাউন্ড ফাঁকা গুলি ছুড়ে জবাব দেয়। সংঘর্ষে তিনজন আহত হয়েছে বলে পুলিশ জানায়। পুলিশ সুপার ও সহকারী পুলিশ সুপার এলাকায় গেছেন। সহকারী পুলিশ সুপার জানান, এ ঘটনায় সাতজনকে আটক করা হয়েছে।

অতিরিক্ত পুলিশ মোতায়েন করায় সেখানকার পরিস্থিতি এখন শান্ত। উল্লেখ্য, গত ১৩ এপ্রিল থেকে চিতলমারী উপজেলায় যুব ও ছাত্রদল অসন্তোষের জের ধরে এক গ্রুপ অপর গ্রুপের সঙ্গে একাধিকবার সংঘর্ষে লিপ্ত হয়। প্রশাসনের হস্তক্ষেপে এ নিয়ে সমঝোতা বৈঠক হলেও এর কোনো সুরাহা হয়নি। প্রতিপক্ষ দুই গ্রুপ আবারো মুখোমুখি অবস্থান নেওয়ার এলাকায় তীব্র উত্তেজনা বিরাজ করছে।